



দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ
গাজীপুর-১৭০৩।

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ গাজীপুর-১৭০৩ এ নিম্নোক্ত পদসমূহে বর্ণিত সর্বসাকুল্য বেতন ও অন্যান্য সুবিধাদিতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শর্ত সাপেক্ষে পুরুষ জনবল নিয়োগের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে পুনরায় দরখাস্ত আহবান করা যাচ্ছে। উলেখ্য, উক্ত পদসমূহে ১(এক) বৎসর মেয়াদে জনবল নিয়োগ করা হবে, তবে প্রয়োজনে মেয়াদ বৃদ্ধি করা হতে পারে। উক্ত পদসমূহে আবেদনের জন্য আবশ্যিকীয় শিক্ষাগত যোগ্যতা, সর্বসাকুল্য বেতন, বয়স ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হল :

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স সীমা	সর্বসাকুল্য বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	টেকনিশিয়ান	১(এক)টি	১৮ থেকে ৩০ বছর	৭,১২৫/-	গ্রাফিক আর্টসে ডিপ্লোমা। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
২	অপারেটর	৬(ছয়)টি	ঐ	৫,৮৩৫/-	মেশিন টুলস/মেশিনিষ্ট/টার্নার/জেনারেল মেকানিক্স যে কোন এক/একাধিক বিষয়সহ এসএসসি(ভোকেশনাল) পাস এবং মেশিন পরিচালনা কাজে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা।
২	অ্যাপ্রিন্টিস প্রিন্টার	২(দুই)টি	ঐ	৫,৪০০/	এসএসসি/সমমান পাশসহ অফসেট প্রিন্টিং-এ কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা।

আবেদনপত্রে নিম্নে বর্ণিত তথ্যসমূহ সন্নিবেশ করতে হবে :

১। নাম ২। পিতার নাম ৩। মাতার নাম ৪। বর্তমান ঠিকানা ৫। স্থায়ী ঠিকানা ৬। জন্ম তারিখ ৭। বয়স (০২/১২/২০০৯ তারিখে) ৮। জাতীয়তা ৯। শিক্ষাগত যোগ্যতা ১০। অভিজ্ঞতা ১১। বৈবাহিক অবস্থা।

আবেদনপত্রের সাথে আবশ্যিকীয় দলিলাদি :

১। সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/সাময়িক সনদ পত্রের সত্যায়িত কপি ২। সম্প্রতি তোলা ৪(চার) কপি (ছবির পিছনে প্রার্থীর নামসহ) পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি ৩। যে কোন ২(দুই) জন ১ম শ্রেণীর সরকারী গেজেটেড অফিসার অথবা অত্র করপোরেশনের বা বাংলাদেশ ব্যাংকের যে কোন ২(দুই) জন প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদেয় ২(দুই)টি চারিত্রিক সনদ ৪। ইউপি চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/সিটি করপোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদেয় নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি ৫। বিদ্যালয়সহ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসা পত্রের সত্যায়িত কপি ৬। অভিজ্ঞতার সনদ পত্রের সত্যায়িত কপি ৭। দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর-১৭০৩-এর অনুকূলে ৫০.০০(পঞ্চাশ) টাকা মূল্যমানের ক্রসড পোস্টাল অর্ডার (অফেরৎযোগ্য)।

সকল পদের জন্য ব্রাহ্মণবাড়ীয়া, বাগেরহাট, ভোলা, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, চট্টগ্রাম, কক্সবাজার, ঢাকা, দিনাজপুর, ফেনী, গাইবান্ধা, হবিগঞ্জ, যশোর, জয়পুরহাট, খুলনা, কিশোরগঞ্জ, লক্ষ্মীপুর, মাগুরা, মেহেরপুর, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, নওগাঁ, নড়াইল, নারায়ণগঞ্জ, নরসিংদী, নাটোর, নিলফামারী, নোয়াখালী, পাবনা, পঞ্চগড়, রাজশাহী, রাঙ্গামাটি, সাতক্ষীরা, সিরাজগঞ্জ, সুনামগঞ্জ, সিলেট, ঠাকুরগাঁও ও বান্দরবান জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন। উলেখিত পদে ইতঃপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করতে হবে।

আবেদন পত্র দাখিল : আগ্রহী প্রার্থীদেরকে ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর-১৭০৩ বরাবরে লিখিত আবেদনপত্র আগামী ০২/১২/২০০৯ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে পৌছাতে হবে। খামের উপরে পদের নাম লিখতে হবে। অসম্পূর্ণ দরখাস্ত কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল করা হবে। নির্দিষ্ট তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র অগ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে।

(মোঃ আদম আলী)

উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)